## রতন ব্যানার্জী রুরাল ওয়েলফেয়ার সোসাইটির সামাজিক উদ্যোগ



নিঃসঃ-- রতন ব্যানার্জী রুরাল ওয়েলফেয়ার সোসাইটির কর্ণধার সমাজসেবী ভোলা সামুই এর উদ্যোগে ২০ শে জুন সোদপুর এ আয়োজিত এক অনুষ্ঠানে সমাজের বিভিন্নস্তরের পিছিয়ে পড়া মানুষদের মধ্যে ছাতা, শাড়ী,প্রতিবন্ধীদের খাবার ও স্কুলের ছাত্রছাত্রীদের মধ্যে বিতরণ করা হোল খাতা ।এই মহতী অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন পানিহাটি পুরসভার চেয়ারম্যান সোমনাথ দে ।এছাড়াও মঞ্চে উপস্থিত ছিলেন সংগঠনের কর্ণধার সমাজসেবী ভোলা সামুই, সদস্য রাজীব পাল,সাহেব দাস, কৌশিক গুতাতী, কালীপদ বেরা,বুবাই খোটেল,দেবজিৎ সামুই, শুভজিৎ সামুই, পিন্টা মুখার্জী, কৃষাণ খোটেল,সুদীপসামন্ত,শনু বুড়ী,মনু বুড়ী,কেয়া পাল ও টুসি রায়। অনুষ্ঠানের মূল আয়োজনে ছিল পাণিহাটি মহিলা মঙ্গল সমিতি । নব্বই জন মানুষের মধ্যে এইসব সামগ্রী বিতরণ করা হোল ।

উলেখ্য এই সমিতির কর্ণধার ভোলা সামুই নিয়মিত সমাজের পিছিয়ে পড়া মানুষ সহ প্রতিবন্ধীদের ট্রাই সাইকেল ও ক্ষুধার্ত মানুষের জন্য খাবার দিয়ে আসছেন প্রায় পঁচিশ বছরেরও বেশি সময় ধরে ।তিনি বলেন "জীবে প্রেম করে যেই জন সেইজন সেবিছে ঈশ্বর" । বিবেকানন্দের এই বাণী ও রতন ব্যানার্জীর শিক্ষা ও আদর্শ তাঁকে তাঁর কাজে সবসময়ই উৎসাহিত করে। এদিনের অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় ছিল ভারতের শান্তি শৃঙ্খলা রক্ষার ও দেশ রক্ষার অন্যতম কান্ডারী আট জন সেনাবাহিনীর সদস্যদের সম্মাননা জ্ঞাপন ।



আগামী ২৩শে জুন, ২০২৫ সায়েন্স সিটিতে ভারত কেশরী শ্যামাপ্রসাদের আত্মবলিদান দিবস উপলক্ষ্যে এবং বন্দেমাতরম সঙ্গীতের ১৫০ বছর পূর্তি উপলক্ষ্যে দুই হাজার শিল্পী সমন্বয়ে গীত হবে বন্দেমাতরম সঙ্গীত। কোলকাতা প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে একথা জানালেন সাংসদ জগন্নাথ সরকার। সঙ্গে উপস্থিত ছিলেন পঞ্চায়েতী আখড়ার মহামণ্ডলেশ্বর স্বামী পরমাত্মানন্দজী গিরি মহারাজ এবং জুনা আখরার মহামণ্ডলেশ্বর ।

## সমাজসেবী ও অরণ্যপ্রেমী সন্দীপ ভৌমিক বঙ্গ গৌরব সম্মানে সম্মানিত



নিঃসঃ-- বিশিষ্ট সমাজসেবী ও অরণ্যপ্রেমী সন্দীপ ভৌমিক ( জয়দেব) কলকাতার ঐতিহাসিক ভারত সভা হলে সম্প্রতি বঙ্গ গৌরব ২০২৫ সম্মানে সম্মানিত হলেন । তাঁর হাতে মানপত্র সহ স্মারক তুলে দেন পঞ্চায়েতী আখড়ার মহামণ্ডলেশ্বর স্বামী পরমাত্মানন্দ গিরি মহারাজ ও বিশিষ্ট চলচ্চিত্র অভিনেত্রী সোমা চ্যাটার্জি ।সঙ্গে উপস্থিত ছিলেন কড়াখবর পত্রিকার সম্পাদক সাংবাদিক কৃষ্ণ প্রসাদ পাত্র ।

উলেখ্য সন্দীপবাবু দীর্ঘদিন ধরেই কিভাবে পৃথিবীকে সবুজ করা যায় তার জন্য পাহাড়ী এলাকার রুক্ষমাটিতে বৃক্ষ রোপন ও তার পরিচর্যা কিভাবে করা যায় এই নিয়ে কাজ করে যাচ্ছেন । সম্মানিত হওয়ার পর তিনি বলেন যে এই সম্মান তিনি অরণ্যপ্রেমী প্রতিটি মানুষকে উৎসর্গ করলেন ।

## অল ইন্ডিয়া ল-ক্লার্ক"স ফেডারেশান্‌স

Reg. No. : 1960.www.ailcf.com

**বিশেষ বিজ্ঞপ্তি**

অল ইন্ডিয়া ল-ক্লার্কস ফেডারেশান্‌স (রে.জি.নং-১৯৬০) এর পক্ষ হইতে সকল ল-ক্লার্ক গন কে জানানো যাইতেছে যে, ০৪/০৫/২০২৪ তারিখে অল ইন্ডিয়া ল-ক্লার্কস ফেডারেশান (রে.জি.নং-২০০) এর পশ্চিমবঙ্গ রাজ্যের কার্যকরী কমিটির সভায় সৌমিত্র নস্কর কে এবং ০২/০৬/২০২৪ তারিখে আনারুল মালিথ্যা কে সর্ব সম্মতিক্রমে রাজ্য কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক নির্বাচন করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী গত ২৪/০৮/২০২৪ ও ২৫/০৮/২০২৪ তারিখ এক ব্যক্তি এক পদ নীতি প্রণয়ন সহ অন্যান্য বিষয়ে রাজ্য বর্ধিত সভা আহ্বান করা হয়। উক্ত সভায় সকল জেলা নেতৃত্বের সিদ্ধান্ত অনুযায়ী তিনটি জেলার (পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম) সম্পাদক ও রাজ্য সভাপতির পদে থাকা অধীর মান্না কে সংগঠনের সমস্ত পদ হইতে অপসারণ করা হয়। রাজ্য কোষাধ্যক্ষের পদে থাকা শশাঙ্ক শেখর দে কে রাজ্য সম্মেলনের প্রতিবেদনে উল্লিখিত অর্থের হিসাব না দেওয়ায় পদ হইতে অপসারণ করা হয়।

ঝাড়খন্ডে নিবন্ধিত অল ইন্ডিয়া ল-ক্লার্কস ফেডারেশন (রে.জি.নং-২০০) এর মেমোরেন্ডাম এ ল-ক্লার্ক সংগঠন নিয়ে কোন উল্লেখ না থাকায় তাহা সংশোধনের জন্য উচ্চ নেতৃত্ব কে জানানো হলেও তাহা সংশোধন করা হয়নি। উক্ত মেমোরেন্ডাম এ কোনো রাজ্য, জেলা বা ইউনিটি কমিটি গঠন করিবার বিষয়ে উল্লেখ নেই।

২৮/০৯/২০২৪ তারিখ ওই সংগঠন এর সহিত সম্পর্ক ছিন্ন করিয়া আমরা ল-ক্লার্ক দের অধিকার রক্ষায় নিবন্ধন করি। সমস্ত জেলা হইতে নেতৃত্ব ও সাধারণ ল-ক্লার্কগন যোগদান করেন। ভারত সরকারের নীতি আয়োগ ও সামাজিক ন্যায় বিচার ও ক্ষমতায়ন দপ্তর অনুমোদন দেয়।

কতিপয় ব্যক্তি নিজ স্বার্থে আমাদের সংগঠন ও নেতৃত্ব সম্পর্কে মিথ্যা প্রচার করিতেছেন তাহাদের প্রতি যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

**আনারুল মালিথ্যা**
সভাপতি

**সৌমিত্র নস্কর**
সাধারণ সম্পাদক

## সমাজসেবী মনোতোষ বেরা মানব মিত্র সম্মানে ভূষিত হলেন



নিঃসঃ-- সমাজ সেবায় অসামান্য অবদানের জন্য ২০২৫ এ মানব মিত্র সম্মান প্রদান করা হোল বিশিষ্ট সমাজসেবী ও মানবাধিকার সংগঠক মনোতোষ বেরাকে ।সম্প্রতি কড়াখবর পত্রিকার পক্ষ থেকে তাঁকে এই সম্মান প্রদান করা হয়। সমাজের বিভিন্ন ক্ষেত্রে মনোতোষ বেরা মহাশয় যেভাবে নিজেকে মানুষের জন্য মেলে ধরেছেন তারই স্বীকৃতি স্বরূপ এই সম্মান প্রদান বলে জানালেন কড়াখবর পত্রিকার সম্পাদক সাংবাদিক কৃষ্ণ প্রসাদ পাত্র। সম্মান পাওয়ার পর মনোতোষ বাবু জানালেন যে এই ধরনের সম্মান তাঁকে আরও দায়িত্ব পালন করার কথা স্মরণ করিয়ে দেয়। তবে তিনি চেষ্টা করবেন যাতে করে মানুষের জন্য মানুষের পাশে থেকে আমৃত্যু কাজ করা যায়। এই ধরনের সম্মান প্রদান করার জন্য তিনি কড়াখবর পত্রিকার পরিচালক মণ্ডলীকে ধন্যবাদ জানিয়েছেন।



পরিবেশ সচেতনতা বাড়াতে সেভ ট্রি, সেভ ওয়ার্ল্ড ও পশ্চিমবঙ্গ লক্লার্কস্ এ্যাসোসিয়েশনের উদ্যোগে শ্রীরামপুর মহকুমা আদালত চত্বরে রোপণ করা হলো বেশ কিছু মুল্যবান গাছের চারা। এই দিন এই কর্ম সূচীতে অংশ গ্রহণ করেন শ্রীরামপুর মহকুমা আদালতের মাননীয় বিচারকগণ, লক্লার্কস্ এ্যাসোসিয়েশনের রাজ্য সভাপতি, শ্রীরামপুর কোর্টের অন্যান্য পদাধিকারীগণ ছাড়াও সেভ ট্রি, সেভ ওয়ার্ল্ড এর হুগলী জেলার সম্পাদক পরিবেশকর্মী সেখ মাবুদ আলি। পরিবেশকর্মী মাবুদ আলি জানান যে আমাদের বাঁচতে গেলে এবং ভবিষ্যৎ প্রজন্মকে সুরক্ষিত রাখতে গেলে গাছ লাগানো ছাড়া অন্য কোন উপায় নেই। এছাড়াও তিনি প্লাস্টিক সামগ্রী ও থার্মোকল বর্জনের উপরেও গুরুত্ব আরোপ করেন। তিনি জানান যে আজকের বেশীরভাগ জায়গায় জল জমার মুল কারণ প্লাস্টিকের তৈরী পলিব্যাগ ড্রেনগুলিকে বন্ধকরে দেওয়ার জন্য। যথাসম্ভব প্লাস্টিক বর্জন না করতে পারেন পরিবেশকে সুরক্ষিত রাখা যাবেনা।

## কুম্ভকারদের আর্থিক মানোন্নয়নের জন্য ওয়েস্ট বেঙ্গল আর্থপট মেকার ওয়েলফেয়ার এসোসিয়েশনের উদ্যোগ



নিঃসঃ--- ওয়েস্ট বেঙ্গল আর্থপট মেকার ওয়েলফেয়ার এসোসিয়েশনের প্রেসিডেন্ট মোহনলাল প্রজাপতির উদ্যোগে কুম্ভকারদের আর্থিক মানোন্নয়নের জন্য সারা বছর ধরেই বিভিন্ন ধরণের কর্মসূচি গ্রহণ করা হয়। ১৭ জুন এসোসিয়েশনের অফিসে আয়োজিত এক অনুষ্ঠানে কুম্ভকারদের হাতে তৈরী মাটির ভাঁড় সহ নানা ধরনের সামগ্রী কিভাবে বিদেশে রপ্তানির ব্যবস্থা করা যায় সেই বিষয়ে বিস্তারিত তথ্য জানার জন্য এক আলোচনাচক্রের আয়োজন করেছিল ওয়েস্ট বেঙ্গল আর্থপট মেকার ওয়েলফেয়ার এসোসিয়েশন। যেখানে উপস্থিত ছিলেন এম এস এম ই ডিপার্টমেন্টের আধিকারিক রক্তিম ঘোষ, অনিল সিং সহ অন্যান্যরা। সঙ্গে উপস্থিত ছিলেন ওয়েস্ট বেঙ্গল আর্থপট মেকার ওয়েলফেয়ার এসোসিয়েশন এর সভাপতি মোহনলাল প্রজাপতি, কার্যকরী সভাপতি রবি পাল ও রাজ্য মহিলা শাখার প্রেসিডেন্ট জুগমিলা পাল সহ অন্যান্যরা। এদিন বেশ কয়েকজন কুম্ভকারদের হাতে সচিত্র পরিচয়পত্র প্রদান করেন উপস্থিত আধিকারিকরা।